১৩

দৈনিক সংবাদ

তারিখ ... 17 JUN 1998
পৃষ্ঠা ১২ কলাম ৩

# বুয়েট ঃ ক্লাস স্থগিত করায় মিশ্র প্রতিক্রিয়া, অনেক ছাত্রই ক্লাস করতে চায়

(বুয়েট সংবাদদাতা)

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সকল লেভেলের ক্লাস এক মাসের জন্য স্থগিত ঘোষণা করায় ছাত্রছাত্রীদের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। দুটি ব্যাচের ছাত্রছাত্রীরা ক্লাস করার দাবিতে উপাচার্যের কাছে আলাদাভাবে তাদের মতামত এবং স্মারকলিপি দিয়েছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে আজ বুধবার হতে সকল লেভেলের ক্লাস স্থগিত হচ্ছে। গতকাল মঙ্গলবার কিছু কিছু বিভাগের ক্লাস হয়েছে।

গতকাল মঙ্গলবার শেষ বর্ষের টার্ম-২ ব্যাচ '৯১-এর শিক্ষার্থীরা নিজেদের মধ্যে গোপন ভোটের মাধ্যমে ক্লাস শুরু করার ব্যাপারে সিদ্ধান্ত নিয়েছে। ব্যাচের ৫১০ জন শিক্ষার্থীর মধ্যে ৪৭৫ জন ভোটে অংশ নেয়। এর মধ্যে প্রায় শতকরা ১০০ ভাগ শিক্ষার্থী পূর্বঘোষিত একাডেমিক ক্যালেন্ডার (৭ সপ্তাহ ক্লাস, ২ সপ্তাহ পরীক্ষার পূর্বপ্রস্তুতি এবং ৩ সপ্তাহ পরীক্ষা) অনুযায়ী ক্লাস শুরু করতে ইচ্ছুক। তবে পরিবর্তিত ক্যালেন্ডার (৫ সপ্তাহ ক্লাস, ২ সপ্তাহ পরীক্ষার পূর্ব প্রস্তুতি এবং ২ সপ্তাহ পরীক্ষা) অনুযায়ী ক্লাস শুরু করার জন্য শতকরা ৬৯ ভাগ শিক্ষার্থী সমর্থন জানিয়েছে।

শেষ বর্ষের টার্ম-১, ব্যাচ '৯২-এর শিক্ষার্থীরা ক্লাশ শুরু করার ব্যাপারে এক সভায় মিলিত হয়েছে। সভায় পূর্বনির্ধারিত ক্যালেন্ডার অনুযায়ী ক্লাস শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। ব্যাচ '৯২-এর শিক্ষার্থীরা তাদের প্রায় আড়াই শ'র উপর সই সংবলিত একটি স্মারকলিপি উপাচার্যের কাছে জমা দেয়।

জানা গেছে, আজ বুধবার সকাল ৯টায় সকল বিভাগের শিক্ষকরা আলাদা আলাদাভাবে এই দুটি ব্যাচের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করবেন। পরবর্তীতে সকাল ১১টায় উপাচার্যসহ সকল অনুষদের ডিন এবং বিভাগীয় প্রধানদের সভায় এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হবে। অন্যদিকে প্রকৌশল অনুষদের বাকি ৪টি ব্যাচের শিক্ষার্থীরা ক্লাস শুরু করার ব্যাপারে কোন উদ্যোগ নেয়নি।